Bangladesh 50

# জাতীয় বিশ্ববিদ্যালয়
পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
গাজীপুর-১৭০৪

স্মারক নং ঃ জাতীঃবিঃ/পনি/মাপি/২০১৯/২০২২/১০৬(১)

তারিখঃ ১৫/০৩/২০২২

## নতুন সিলেবাস-২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ হ'তে

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৯ সালের এমএ/এমএসএস/এমবিএ/এমএসসি/এম মিউজ প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অন-লাইনে সম্পন্ন হবে। পরীক্ষার আবেদন ফরম, বিবরণী ফরম পূরণ ও জমাদানের তারিখসহ নিয়মাবলী নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচী এবং অন্যান্য যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে পরে জানানো হবে।

**জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রিলিমিনারী টু মাস্টার্স**
ওয়েব সাইটঃ www.nubd.info/mp
ই-মেইলঃ mpexam.nu@gmail.com

১। **আবেদন ফরম পূরণ, বিবরণী ফরম জমাদানের সময়সূচী/ নিয়মাবলী ঃ**

| | | |
|---|---|---|
| ক) | আবেদনকারী পরীক্ষার্থীদের On-line-এ আবেদন ফরম ডাউনলোড করার সময়সীমাঃ | ১৬/০৩/২০২২ হতে ১৩/০৪/২০২২ |
| খ) | আবেদন ফরম কলেজ কর্তৃক নিশ্চয়নের শেষ তারিখঃ | ১৮/০৪/২০২২ |
| গ) | Pay slip সংগ্রহঃ (**বিস্তারিত- ০৮(খ ও গ) দ্রষ্টব্য**) | ১৯/০৪/২০২২ হতে ২১/০৪/২০২২ |
| ঘ) | উল্লিখিত তারিখ সমূহে আবেদন ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের অন-লাইনে এন্ট্রিকৃত বিবরণী ফরম, হিসাব বিবরণী ফরম এবং ইনকোর্স ও মাঠকর্ম নম্বরের মূল ম্যানুয়াল কপি ও প্রিন্ট কপির ০১ (এক) কপি বিষয়ওয়ারী আলাদাভাবে সিলগালা করে বিশ্ববিদ্যালয়ে/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে জমাদানের শেষ তারিখঃ | ২৪/০৪/২০২২ |

২। **আবেদন ফরম পূরণের নির্ধারিত ফি ঃ**

| ক্রম | বিবরণ | নির্ধারিত ফি |
|---|---|---|
| ক. | তত্ত্বীয় ফি (প্রতি পত্র) | ২৫০/- |
| খ. | ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি পত্র) | ২৫০/- |
| গ. | মৌখিক পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী) | ২৫০/- |
| ঘ. | নম্বরপত্র ফি (প্রতি পরীক্ষার্থী) | ৩০০/- |
| ঙ. | কেন্দ্র ফি (**তত্ত্বীয়**) কলেজে জমা হবে | ৪৫০/- |
| চ. | কেন্দ্র ফি- **ব্যবহারিক** (কলেজে জমা হবে) | ২০০/- |
| ছ. | ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)-<br>i) বিশ্ববিদ্যালয়ে জমা হবে- ১০০/-<br>ii) কলেজে জমা হবে- ২০০/- | ৩০০/- |
| জ. | সমাজকর্ম বিষয়ের মাঠকর্ম ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) কলেজের বিভাগীয় ফান্ডে জমা হবে- | ১,০০০/- |

**২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী)ঃ**

| ক্রম | বিবরণ | মোট ফি |
|---|---|---|
| ক. | এমএ/এমএসএস/এমবিএ সকল পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে- | ২,৬৫০/- |
| | | ২,৬৫০/-(প্রাইভেট) |
| খ. | এমএসসি সকল পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে- | ২,৬৫০/- |
| গ. | লাইব্রেরী সায়েন্স সকল পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে | ২,৯০০/- |

**২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের জন্য প্রযোজ্য ঃ**

| | | |
|---|---|---|
| ক. | শুধুমাত্র মৌখিক/ ব্যবহারিক/ মাঠকর্ম পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে | ১,০০০/- |

**বিঃ দ্রঃ- নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবে না।**

** কেন্দ্র ফি হিসেবে আদায়কৃত মোট অর্থের পরীক্ষার্থী প্রতি ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা নিজ কলেজের পরীক্ষা সংক্রান্ত খরচের জন্য রেখে পরীক্ষার্থী প্রতি ৩০০/- (তিনশত) টাকা হারে নির্ধারিত পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট রোল/রেজিষ্ট্রেশন বিবরণীসহ পরীক্ষা অনুষ্ঠানের ০৩ (তিন) দিন পূর্বেই জমা দিতে হবে।

বিঃ দ্রঃ- (১) আবেদন ফরম পূরণের সময় পরীক্ষার্থীর ইনকোর্স পরীক্ষায় প্রাপ্ত নম্বরের মূল ম্যানুয়াল কপি থেকে অন-লাইনে রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে নম্বর এন্ট্রি করার পর প্রিন্ট কপি মূল ম্যানুয়াল কপির সাথে যাচাই করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হবার পর মূল ম্যানুয়াল ও প্রিন্ট কপিগুলো বিষয় ওয়ারী আলাদা খামে সিলগালা করে বিবরণী জমা দেয়ার সময়ই মোঃ আব্দুছ সালাম, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, প্রিলিমিনারী টু মাস্টার্স শাখায়/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে হাতে হাতে জমা দিতে হবে এবং ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে। মূল ম্যানুয়াল কপির বাইরে কোন নম্বর গ্রহণ করা হবে না।

(২) মৌখিক/ ব্যবহারিক/ মাঠকর্ম নম্বরসমূহ প্রেরণের নির্দেশনা পরবর্তীতে জানানো হবে।

(৩) রেজিঃ কার্ড ও প্রবেশপত্রে উল্লিখিত পত্রকোড ব্যতীত অন্য কোন পত্রকোডে পরীক্ষায় অংশ গ্রহণ করলে পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে না। এমনকি পরীক্ষার পরে রেজিঃ কার্ড ও প্রবেশপত্রে পত্রকোড কোনভাবেই সংশোধন করা যাবে না।

১। পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা ও প্রয়োজনীয় শর্তাবলী ঃ

ক) ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের নিয়মিত ও প্রাইভেট পরীক্ষার্থীরা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

খ) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের যেসব পরীক্ষার্থী ২০১৮ সালের পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা ২০১৯ সালের অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল পত্রের/কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

গ) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের যেসব পরীক্ষার্থী ২০১৮ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক পত্রে 'F' গ্রেড পেয়ে অকৃতকার্য হয়েছে তারা ২০১৯ সালের পরীক্ষায় সে সকল পত্রে অংশগ্রহণ করতে পারবে।

ঘ) ২০১৮ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে যে সকল পরীক্ষার্থী 'C' এবং 'D' গ্রেড প্রাপ্ত কোর্সের গ্রেড উন্নয়নের লক্ষ্যে সর্বোচ্চ ০২(দুই)টি পত্রে অংশগ্রহণ করতে পারবে। এ সকল পরীক্ষার্থী ২০১৯ সালের পরীক্ষায় উত্তীর্ণ হলে মান উন্নয়ন/গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের আর কোন সুযোগ থাকবে না।

ঙ) ২০১৮ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে যে সকল পরীক্ষার্থী CGPA 2.50 এর নীচে পেয়েছে এবং যে সকল পত্রে/কোর্সে 'C' এবং 'D' গ্রেড প্রাপ্ত হয়েছে সে সকল পত্রের/কোর্সের সর্বোচ্চ ০২ (দুই)টি পত্রে/কোর্সে অংশ নিয়ে গ্রেড এবং CGPA উন্নয়নে অংশগ্রহণ করতে পারবে।

২। পাঠ্যসূচি : (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের গ্রেডিং পদ্ধতির পাঠ্যসূচি অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে)

ক) ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত সিলেবাস অনুযায়ী ২০১৯ সালের এম.এ/এম.এস.এস/এম.বি.এ/এম.এসসি/এম মিউজ প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৩। আবেদন ফরম, বিবরণী ফরম ও ফি জমাদান ফরম সংগ্রহ :

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে ফরম পূরণের আবেদন ফরম, সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List), On-line-এ ডাটা এন্ট্রি করার পর বিষয়ওয়ারী পরীক্ষার্থীদের বিবরণী ফরম ও ফি জমাদান ফরম সংগ্রহ/প্রিন্ট করা যাবে।

৪। আবেদন ফরম ও বিবরণী ফরম পূরণের নিয়মাবলী (পরীক্ষার্থীদের জন্য) :

ক) আবেদনকারীকে নিজ দায়িত্বে বিশ্ববিদ্যালয়ের উল্লিখিত ওয়েবসাইট-এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণের আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অন-লাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয়কোড এবং ফি উল্লেখ থাকবে। ফিসহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে জমা দিতে হবে।

খ) আবেদনকারীকে সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

**গ) পরীক্ষার্থীকে সর্তকতার সহিত নিজ দায়িত্বে পত্রকোড এন্ট্রি দিতে হবে। যেসব কোর্সে একাধিক কোর্স থেকে কোর্স নির্বাচনের বিধান আছে সেক্ষেত্রে কোর্স নির্বাচন সঠিকভাবে করতে হবে। ফরম পূরণের পর কোর্স পরিবর্তন করা যাবে না।**

৫। আবেদন ফরম নিশ্চয়নের নিয়মাবলী (কলেজের জন্য) :

ক) পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সরাসরি অন-লাইনে সঠিক এন্ট্রি করা হয়েছে কিনা-তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List) সাথে যাচাইপূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের উল্লিখিত ওয়েবসাইটে College Login এ প্রবেশ করে নিশ্চয়ন করে বিভাগীয় প্রধান অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন। Log-in এর জন্য ওয়েবসাইটে College Profile কিংবা সংশ্লিষ্ট শাখা থেকে User ID & Password সংগ্রহ করা যাবে।

খ) প্রত্যেক পরীক্ষার্থীর সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) এর ০১ (এক) কপি অন-লাইনে প্রিন্টকৃত আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে এবং অপর ০১ (এক) কপি ছবি স্ব-স্ব বিভাগে সংরক্ষণ করবেন। বিশ্ববিদ্যালয় থেকে প্রবেশপত্র সরবরাহের পর নির্দিষ্ট স্থানে আঠা দিয়ে ছবি লাগিয়ে তার উপর অধ্যক্ষ কর্তৃক সত্যায়নের পর প্রবেশপত্র বিতরণ করতে হবে।

গ) পরীক্ষার্থী কর্তৃক অন-লাইনে ফরম পূরণকৃত আবেদন কলেজে জমা দিলে উক্ত পরীক্ষার্থীর টার্মপেপার (প্রযোজ্য ক্ষেত্রে) নম্বরসহ অন-লাইনে নিশ্চয়ন করবেন। শুধুমাত্র কলেজ কর্তৃক অন-লাইনে নিশ্চয়নকৃত পরীক্ষার্থীদের প্রবেশপত্র ইস্যু করা হবে। নিশ্চয়ন সম্পন্ন হলে অন-লাইনে পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট করতে হবে।

ঘ) প্রিলিমিনারী টু মাস্টার্স বিষয়ক বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে।

**ঙ) মৌখিক, ব্যবহারিক, মাঠকর্ম ও ম্যাথ ল্যাব পরীক্ষার নম্বর অন-লাইনে এন্ট্রি করার সময় কোন প্রকার ভুল হলে সঙ্গে সঙ্গে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, প্রিলিমিনারী টু মাস্টার্স শাখা বরাবর লিখিতভাবে জানাতে হবে। ভুল সংশোধনের ক্ষেত্রে মূল ম্যানুয়াল নম্বরকে (বিভাগীয় প্রধান, আভ্যন্তরীণ ও বহিঃ পরীক্ষক কর্তৃক স্বাক্ষরিত) ভিত্তি হিসেবে ধরা হবে।**

৬। বিবরণী ফরম পূরণ/পরীক্ষার্থীর ডাটা এন্ট্রির নিয়মাবলী (কলেজের জন্য) :

ক) বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে বিষয়ভিত্তিক সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List) প্রিন্ট করে নিতে হবে।

খ) ফরম পূরণকৃত বিষয়ভিত্তিক নিয়মিত/প্রাইভেট/ পরীক্ষার্থীদের বিবরণী ফরম/আবেদন ফরম মোতাবেক বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে সরাসরি On-line-এ ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে। On-line-এ ডাটা এন্ট্রি করার জন্য কলেজ কর্তৃপক্ষ ওয়েব সাইটের কলেজ প্রোফাইল-এ লগ-ইন করে User ID এবং Password সংগ্রহ করবেন।

গ) ডাটা এন্ট্রি সংক্রান্ত কাজে ওয়েব সাইটের প্রকাশিত নির্দেশনা অনুসরণ করতে হবে এবং টেকনিক্যাল সাপোর্ট নেয়ার জন্য উল্লিখিত ই-মেইলে যোগাযোগ করা যেতে পারে।

ঘ) ডাটা এন্ট্রি সম্পন্ন হলে On-line -এ এন্ট্রিকৃত পরীক্ষার্থীদের বিবরণী ও ফি বিবরণী প্রিন্ট করতে হবে। বিষয়ভিত্তিক ডাটা এন্ট্রি করার পর কলেজ কর্তৃপক্ষ উক্ত বিবরণী ফরম প্রিন্টের কপি যাচাই পূর্বক প্রিন্ট কপির নির্ধারিত স্থানে পরীক্ষার্থীর স্বাক্ষর নিতে হবে।

ঙ) প্রিলিমিনারী টু মাস্টার্স বিষয়ক বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে On-line-কার্যক্রম বন্ধ হয়ে যাবে বিধায় যথাসময়ে কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

৭। বিবরণী ফরম জমাদানের নিয়মাবলি :

ক) বিবরণী ফরমের ডাটা সঠিকভাবে এন্ট্রি করে প্রিন্ট আউট নিয়ে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষর হওয়ার পর মূল কপিটির টপশিটে কর্মরত শিক্ষক(মোবাইল নম্বরসহ) তালিকার কপিসহ বিষয়ভিত্তিক সংরক্ষণ উপযোগী বাঁধাই করে তার উপর কলেজের নাম ও বিষয়ের নাম সুস্পষ্ট করে লিখে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায়/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে হবে এবং তার ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে। বিষয়ভিত্তিক কর্মরত শিক্ষক তালিকাসহ বাঁধাইকৃত বিবরণী ফরম স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে হাতে হাতে জমা দিতে হবে।

খ) আঞ্চলিক কেন্দ্রের ঠিকানা :

| | | |
|---|---|---|
| **জাতীয় বিশ্বাবিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র রাজশাহী**<br>বাড়ী #৩৫৪, বড় বটতলা, বালিয়া পুকুর, ঘোড়ামারা, রাজশাহী-৬১০০। ফোন : ০৭২১-৭৬২১৪১ | **জাতীয় বিশ্বাবিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র চট্টগ্রাম**<br>এপিক গোল্ডেন ক্যাসকেড, ইস্পাহানি পার্ক রোড, রোড নং-০১, দক্ষিণ খুলশী, চট্টগ্রাম-৪০০০<br>ফোন : ০৩১-২৫১৫৭২৪ | **জাতীয় বিশ্বাবিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র সিলেট**<br>আহাদ ভিলা, পাঠানটুলা পয়েন্ট, সিলেট<br>ফোন : ০৮২১-৭২৯১০২ |
| **জাতীয় বিশ্বাবিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র খুলনা**<br>বাড়ী # ২২৭, রোড # ০১, কে ডি এ সোনাডাঙ্গা আবাসিক এলাকা-(২য় ফেজ), খুলনা-৯০০০।<br>ফোন : ০৪১-৭৩১৬৭৩ | **জাতীয় বিশ্বাবিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র বরিশাল**<br>হোল্ডিং নং # ০০০১০০০, ওয়ার্ড-১২, মেডিক্যাল কলেজ লেন, দক্ষিণ আলেকান্দা, বরিশাল-৮২০০।<br>ফোন : ০৪৩১-৬১১৬৮, | **জাতীয় বিশ্বাবিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র রংপুর**<br>বাড়ী #৩৯০, ওয়ার্ড নং-০৯, জি এল রায় রোড, কামাল কাছনা, রংপুর-৫৪০০।<br>ফোন : ০৫২১-৫৬০১৫ |
| ঢাকা বিভাগের জন্য : মোঃ আব্দুহ সালাম, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, প্রিলিমিনারী টু মাস্টার্স শাখা, পরীক্ষা ভবন-১, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর। মোঃ ০১৩১৩-০৫২৩৬৪, ০২-৯৯৬৬৯১৫৪৬। | | |

৮। ফি জমাদানের নিয়মাবলি :

ক) ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের নিয়মিত ছাত্র-ছাত্রীদের এবং ২০১৯ সালের প্রাইভেট প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফি ডিজাইনকৃত নির্ধারিত জমা ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd থেকে ডাউনলোড করে "সোনালী সেবা"-এর মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিতে হবে।

খ) সংশ্লিষ্ট কলেজকে www.nu.ac.bd অথবা dhttp:103.113.200.36/PMS ওয়েবসাইট থেকে সোনালী সেবার pay-slip সংগ্রহ করে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

গ) Pay-Slip সংগ্রহের জন্য উল্লিখিত তারিখ পর্যন্ত Link Active থাকবে। নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে Pay-Slip ডাউনলোড করা এবং কোন টাকা জমা দেয়া যাবে না। ব্যাংকে প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে পরবর্তীতে উদ্ভূত জটিলতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঘ) ফি জমাদানের ক্ষেত্রে জটিলতা নিরসনের জন্য ই-মেইল নং kabir.erp@gmail.com অথবা ফোন : ০২-৯৯৬৬৯১৫৪৬ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

ঙ) সমস্যার প্রকৃতি বা ধরণ নিরসনের জন্য preliminary2masters@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যেতে পারে।

**বিশেষ দ্রষ্টব্য :**

ক) একজন পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বরের (অনার্স পাস/ ডিগ্রী পাস) ফলাফল ব্যবহার করে অন্য পরীক্ষার্থীকে অবৈধভাবে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হলে তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট কলেজ বহন করবে।

খ) পরীক্ষার্থীদের পরীক্ষা হলে বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত মূল রেজিস্ট্রেশন কার্ড ও মূল প্রবেশ পত্র প্রদর্শন করতে হবে।

গ) পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লেখিত নির্দিষ্ট বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরম পূরণ করলে তার আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

ঘ) পরীক্ষার সময়সূচি যথাসময়ে সংশ্লিষ্ট কলেজ/কেন্দ্রসমূহে প্রেরণ ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে www.nu.ac.bd প্রকাশ করা হবে।

ঙ) পরীক্ষার্থীরা নিজ কলেজে পরীক্ষা দিতে পারবে না। অধ্যক্ষগণকে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর।

তারিখঃ ১৫/০৩/২০২২

স্মারক নং : জাতীঃবিঃ/পনি/মাপি/২০১৯/২০২২/১০৬(১)

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :**

১. সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
২. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৩. পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪. অধ্যক্ষ, সকল
৫. জেলা প্রশাসক, সকল
৬. একান্ত সচিব, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৭. সহকারী রেজিস্ট্রার, প্রো- ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৮. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৯. ম্যানেজার, সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখা, গাজীপুর।
১০. অফিস নথি।

১৫.৩.২০২২

(মোঃ আব্দুহ সালাম)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
প্রিলিমিনারী টু মাস্টার্স শাখা
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোন : ৯৯৬৬৯১৫৪৬।

Bangladesh 50

# জাতীয় বিশ্ববিদ্যালয়
## পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
## গাজীপুর

স্মারক নং ঃ জাতীঃবিঃ/পনি/মাপি/২০১৯/২০২২/১০৬(২)

তারিখঃ ১৫ /০৩/২০২২

**{পুরাতন সিলেবাস, (বিশেষ)}**
**(শিক্ষাবর্ষ ২০১৬-২০১৭ এর জন্য প্রযোজ্য)**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে <u>২০১৯ সালের মাস্টার্স ১ম পর্ব</u> **<u>(বিশেষ)</u>** পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অন-লাইনের মাধ্যমে সম্পন্ন করতে হবে। আবেদন ফরম পূরণ, ফি জমাদান ও অন্যান্য তথ্যাদি নিম্নে উপস্থাপন করা হলো । পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে জানানো হবে।

ওয়েব সাইট ঃ www.nubd.info/mp
ই-মেইল ঃ mpexam.nu@gmail.com

১। **<u>আবেদন ফরম পূরণ, বিবরণী ফরম জমাদানের সময়সূচী/ নিয়মাবলী ঃ</u>**

| | | |
|---|---|---|
| ক) | আবেদনকারী পরীক্ষার্থীদের **On-line**-এ আবেদন ফরম ডাউনলোড করার সময়সীমাঃ | ১৬/০৩/২০২২ হতে ১৩/০৪/২০২২ |
| খ) | আবেদন ফরম কলেজ কর্তৃক নিশ্চয়নের শেষ তারিখঃ | ১৮/০৪/২০২২ |
| গ) | **Pay slip সংগ্রহ ঃ (বিস্তারিত- ০৮(খ ও গ) দ্রষ্টব্য)** | ১৯/০৪/২০২২ হতে ২১/০৪/২০২২ |
| ঘ) | উল্লিখিত তারিখ সমূহে আবেদন ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের অন-লাইনে এন্ট্রিকৃত বিবরণী ফরম, হিসাব বিবরণী ফরম এবং ইনকোর্স ও মাঠকর্ম নম্বরের মূল ম্যানুয়াল কপি ও প্রিন্ট কপির ০১ (এক) কপি বিষয়ওয়ারী আলাদাভাবে সিলগালা করে বিশ্ববিদ্যালয়ে/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে জমাদানের শেষ তারিখঃ | ২৪/০৪/২০২২ |

২। **আবেদন ফরম পূরণের নির্ধারিত ফি ঃ**

| ক্রম | বিবরণ | নির্ধারিত ফি |
|---|---|---|
| ক. | তত্ত্বীয় ফি (প্রতি পত্র) | ২৫০/- |
| খ. | ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি পত্র) | ২৫০/- |
| গ. | মৌখিক পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী) | ২৫০/- |
| ঘ. | নম্বরপত্র ফি (প্রতি পরীক্ষার্থী) | ৩০০/- |
| ঙ. | কেন্দ্র ফি (**তত্ত্বীয়**) কলেজে জমা হবে | ৪৫০/- |
| চ. | কেন্দ্র ফি- **ব্যবহারিক** (কলেজে জমা হবে) | ২০০/- |
| ছ. | টিউটোরিয়াল পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী) | ১৫০/- |
| জ. | বিশেষ অর্ন্তভূক্তি ফি (প্রতি পরীক্ষার্থী) | ৩০০/- |
| ঝ. | সমাজকর্ম বিষয়ের মাঠকর্ম ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) কলেজের বিভাগীয় ফান্ডে জমা হবে- | ১,০০০/- |

**২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী) ঃ**

| ক্রম | বিবরণ | মোট ফি |
|---|---|---|
| ক. | এমএ/এমএসএস/এমবিএস/এম.মিউজ সকল পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে- | ২,০০০/-<br>২,০০০/-(প্রাইভেট) |
| খ. | এমএসএস (অর্থনীতি) সকল পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে- | ২,১৫০/- |
| গ. | এমএসসি সকল পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে | ২,২০০/- |
| ঘ. | এমএসসি (গণিত) প্রতি পরীক্ষার্থীর ফি | ২,৮০০/- |
| ঙ. | এমএসসি (লাইব্রেরী সায়েন্স + পরিসংখ্যান) প্রতি পরীক্ষার্থীর ফি | ২,৭৫০/- |
| চ. | ২০১৮ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে যারা অকৃতকার্য/তৃতীয় শ্রেণি/৪৫% এর নিচে নম্বর পেয়েছে তারা বিশেষ পরীক্ষার্থী হিসেবে শেষবারের মত মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। | ৩০০/-<br>(প্রতি পত্র) |

**বিঃ দ্রঃ ফরম পূরণের সময় টিউটোরিয়াল নম্বর অবশ্যই এন্ট্রি দিতে হবে। টিউটোরিয়াল নম্বর পাওয়া না গেলে পরীক্ষার্থীর প্রবেশপত্র ইস্যু করা হবে না।**

Computer File/F/Exam 2019/From Filup-2019 (Old syllabus)

জাতীয় বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষার আবেদন ফরম পূরণ থেকে শুরু করে প্রবেশপত্র মুদ্রণ সকল কাজ এখন থেকে সম্পূর্ণ অন-লাইনে সম্পন্ন হবে। তাই নির্ধারিত সময়ের মধ্যে ফরম পূরণে ব্যর্থ হলে পরীক্ষার্থী এ বছর এ পরীক্ষায় অংশগ্রহণে সুযোগ পাবে না।

**বিঃ দ্রঃ**

(ক) পরীক্ষার্থী রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত বিষয়ের পত্র কোড ব্যতীত অন্য কোন পত্র কোড-এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

(খ) আবেদন ফরম পূরণের সময় পরীক্ষার্থীর টিউটোরিয়াল পরীক্ষায় প্রাপ্ত নম্বরের মূল ম্যানুয়েল কপি থেকে অন-লাইনে রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে এন্ট্রি করার পর প্রিন্টেড কপি যাচাই করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হওয়ার পর মূল কপিগুলো বিষয়ওয়ারী আলাদা খামে সিলগালা করে মোঃ আব্দুছ সালাম, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, প্রিলিমিনারী টু মাস্টার্স, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-এ পরীক্ষার্থীদের বিবরণীর সাথে হাতে হাতে জমা দিতে হবে এবং ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে। মূল ম্যানুয়াল কপির বাইরে কোন নম্বর গ্রহণ করা হবে না।

(গ) মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম/ম্যাথ ল্যাব এর নম্বরসমূহ প্রেরণের নির্দেশনা পরবর্তীতে জানানো হবে।

**১। পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা :**

**২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য :**

ক) যে সকল পরীক্ষার্থী ২০১৭ সালের পরীক্ষায় অংশগ্রহণ করেনি সে সকল পরীক্ষার্থী ২০১৯ সালে সব পত্রে অংশগ্রহণ করবে।

খ) যে সকল পরীক্ষার্থী ২০১৭ সালে পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে বা ২০১৭ সালের এক বা দুই পত্র পরীক্ষা দিয়ে পুনরায় অকৃতকার্য হয়েছে সে সকল পরীক্ষার্থীরা সব পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে। তবে ব্যবহারিক/ মৌখিক/ টিউটোরিয়াল/ মাঠকর্ম পরীক্ষায় অবশ্যই পাস থাকতে হবে।

গ) ২০১৭ সালের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষা অংশগ্রহণ করে অকৃতকার্য পরীক্ষার্থী ২০১৯ সালের বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। অকৃতকার্য পরীক্ষার্থীদের ক্ষেত্রে ২০১৭ সালের ব্যবহারিক/ মৌখিক/ টিউটোরিয়াল/ মাঠকর্ম পরীক্ষার নম্বর বহাল থাকবে। এ ধরণের পরীক্ষার্থী ২০১৮ সালের পরীক্ষায় যে সকল পত্রে ৪৫% এর কম নম্বর পেয়েছে শুধু ঐ পত্রগুলোতে অংশগ্রহণ করতে পারবে। এখানে উল্লেখ্য যে, ২০১৮ সালের যে সকল পরীক্ষার্থী ব্যবহারিক/ মৌখিক/ টিউটোরিয়াল/ মাঠকর্ম পরীক্ষায় অংশগ্রহণ করেছে তাদের পূর্বের প্রাপ্ত নম্বর বহাল থাকবে। তবে ৪০% এর কম নম্বর থাকলে ঐ সকল পরীক্ষার্থী ব্যবহারিক/ মৌখিক/ টিউটোরিয়াল/ মাঠকর্ম পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ঘ) যে সকল পরীক্ষার্থী ২০১৭ সালে পরীক্ষায় অংশগ্রহণ করেনি এবং ২০১৮ সালে পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে সে সকল পরীক্ষার্থী ইচ্ছে করলে বিশেষ পরীক্ষা (এক বা একাধিক পত্রে) দিতে পারবে। এ ক্ষেত্রে ৩০০/- (তিনশত) টাকা বিশেষ অন্তর্ভুক্তি ফি এবং প্রতি পত্রের ফি ৩০০/- (তিনশত) টাকা জমা সাপেক্ষে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

**২। পাঠ্যসূচি : (জাতীয় বিশ্ববিদ্যালয়ের পাঠ্যসূচি অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে)**

ক) ২০০৪-২০০৫ শিক্ষাবর্ষের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত সিলেবাস অনুযায়ী ২০১৯ সালের এম.এ/এম.এস.এস/ এম.বি.এস/এম.এসসি/ এম মিউজ ১ম পর্ব পরীক্ষা অনুষ্ঠিত হবে।

**৩। আবেদন ফরম, বিবরণী ফরম ও ফি জমাদান ফরম সংগ্রহ :**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে ফরম পূরণের আবেদন ফরম, সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List), Online-এ ডাটা এন্ট্রি করার পর বিষয়ওয়ারী পরীক্ষার্থীদের বিবরণী ফরম ও ফি জমাদান ফরম সংগ্রহ/প্রিন্ট করা যাবে।

**৪। আবেদন ফরম ও বিবরণী ফরম পূরণের নিয়মাবলী (পরীক্ষার্থীদের জন্য) :**

ক) আবেদনকারীকে নিজ দায়িত্বে বিশ্ববিদ্যালয়ের উল্লিখিত ওয়েবসাইট-এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণের আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয়কোড এবং ফি উল্লেখ থাকবে। ফিসহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে জমা দিতে হবে।

খ) আবেদনকারীকে সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

**গ) বিশেষ পরীক্ষার্থীকে সর্তকতার সহিত নিজ দায়িত্বে পত্র কোড এন্ট্রি দিতে হবে।**

**৫। আবেদন ফরম নিশ্চয়নের নিয়মাবলী (কলেজের জন্য) :**

ক) পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সরাসরি অনলাইনে সঠিক এন্ট্রি করা হয়েছে কিনা-তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List) সাথে যাচাইপূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের উল্লিখিত ওয়েবসাইটে College Log in এ প্রবেশ করে নিশ্চয়ন করে বিভাগীয় প্রধান অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন। Log in এর জন্য ওয়েবসাইটে College Profile কিংবা সংশ্লিষ্ট শাখা থেকে User ID & Password সংগ্রহ করা যাবে।

খ) প্রত্যেক পরীক্ষার্থীর সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) এর ০১ (এক) কপি অনলাইনে প্রিন্টকৃত আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে এবং অপর ০১ (এক) কপি ছবি স্ব-স্ব বিভাগে সংরক্ষণ করবেন। বিশ্ববিদ্যালয় থেকে প্রবেশপত্র সরবরাহের পর নির্দিষ্ট স্থানে আঠা দিয়ে ছবি লাগিয়ে তার উপর অধ্যক্ষ কর্তৃক সত্যায়নের পর প্রবেশপত্র বিতরণ করতে হবে।

গ) পরীক্ষার্থী কর্তৃক অন-লাইনে ফরম পূরণকৃত আবেদন কলেজে জমা দিলে উক্ত পরীক্ষার্থীর টিউটোরিয়াল (প্রযোজ্য ক্ষেত্রে) নম্বরসহ অন-লাইনে নিশ্চয়ন করবেন। শুধুমাত্র কলেজ কর্তৃক অন-লাইনে নিশ্চয়নকৃত পরীক্ষার্থীদের প্রবেশপত্র ইস্যু করা হবে। নিশ্চয়ন সম্পন্ন হলে অন-লাইনে পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট করতে হবে।

ঘ) মাস্টার্স ১ম পর্ব বিষয়ক বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে।

ঙ) **টিউটোরিয়াল, মৌখিক, ব্যবহারিক, মাঠকর্ম ও ম্যাথ ল্যাব পরীক্ষার নম্বর অন-লাইনে এন্ট্রি করার সময় কোন প্রকার ভুল হলে সঙ্গে সঙ্গে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, প্রিলিমিনারী টু মাস্টার্স শাখা বরাবর লিখিতভাবে জানাতে হবে। ভুল সংশোধনের ক্ষেত্রে মূল ম্যানুয়াল নম্বরকে (বিভাগীয় প্রধান, অভ্যন্তরীণ ও বহিঃ পরীক্ষক কর্তৃক স্বাক্ষরিত) ভিত্তি হিসেবে ধরা হবে।**

**৬। বিবরণী ফরম পূরণ/পরীক্ষার্থীর ডাটা এন্ট্রির নিয়মাবলী (কলেজের জন্য) :**

ক) বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে বিষয়ভিত্তিক সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List) প্রিন্ট করে নিতে হবে।

খ) ফরম পূরণকৃত বিষয়ভিত্তিক নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট/বিশেষ পরীক্ষার্থীদের বিবরণী ফরম/আবেদন ফরম মোতাবেক বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে সরাসরি Online-এ ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে। On line-এ ডাটা এন্ট্রি করার জন্য কলেজ কর্তৃপক্ষ ওয়েব সাইটের কলেজ প্রোফাইল-এ লগ-ইন করে User ID এবং Password সংগ্রহ করবেন।

গ) ডাটা এন্ট্রি সংক্রান্ত কাজে ওয়েব সাইটের প্রকাশিত নির্দেশনা অনুসরণ করতে হবে এবং টেকনিক্যাল সাপোর্ট নেয়ার জন্য উল্লিখিত ই-মেইলে যোগাযোগ করা যেতে পারে।

ঘ) ডাটা এন্ট্রি সম্পন্ন হলে On line-এ এন্ট্রিকৃত পরীক্ষার্থীদের বিবরণী ও ফি বিবরণী প্রিন্ট করতে হবে। বিষয়ভিত্তিক ডাটা এন্ট্রি করার পর কলেজ কর্তৃপক্ষ উক্ত বিবরণী ফরম প্রিন্টের কপি যাচাই পূর্বক প্রিন্ট কপির নির্ধারিত স্থানে পরীক্ষার্থীর স্বাক্ষর নিতে হবে।

ঙ) মাস্টার্স ১ম পর্ব বিষয়ক বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে Online-কার্যক্রম বন্ধ হয়ে যাবে বিধায় যথাসময়ে কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

**৭। বিবরণী ফরম জমাদানের নিয়মাবলি :**

ক) বিবরণী ফরমের ডাটা সঠিকভাবে এন্ট্রি করে প্রিন্ট আউট নিয়ে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষর হওয়ার পর মূল কপিটির টপশিটে কর্মরত শিক্ষক(মোবাইল নম্বরসহ) তালিকার কপিসহ বিষয়ভিত্তিক সংরক্ষণ উপযোগী বাঁধাই করে তার উপর কলেজের নাম ও বিষয়ের নাম সুস্পষ্ট করে লিখে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায়/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে হবে এবং তার ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে। বিষয়ভিত্তিক কর্মরত শিক্ষক তালিকাসহ বাঁধাইকৃত বিবরণী ফরম স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে হাতে হাতে জমা দিতে হবে।

**খ) আঞ্চলিক কেন্দ্রের ঠিকানা :**

| | | |
|---|---|---|
| **জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র রাজশাহী**<br>বাড়ী #৩৫৪, বড় বটতলা, বালিয়া পুকুর, ঘোড়ামারা, রাজশাহী। ফোন ঃ ০৭২১-৭৬২১৪১ | **জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র চট্টগ্রাম**<br>এপিক গোল্ডেন ক্যাসকেড, ইস্পাহানি পার্ক রোড, রোড নং-০১, দক্ষিণ খুলশী, চট্টগ্রাম-৪০০০<br>ফোন ঃ ০৩১-২৫১৫৭২৪ | **জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র সিলেট**<br>আহাদ ভিলা, পাঠানটুলা পয়েন্ট, সিলেট<br>ফোন ঃ ০৮২১-৭২৯১০২ |
| **জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র খুলনা**<br>বাড়ী # ২২৭, রোড # ০১, কে ডি এ সোনাডাঙ্গা আবাসিক এলাকা-(২য় ফেজ), খুলনা-৯০০০।<br>ফোন ঃ ০৪১-৭৩১৬৭৩ | **জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র বরিশাল**<br>হোল্ডিং নং # ০০০১০০০, ওয়ার্ড-১২, মেডিক্যাল কলেজ লেন, দক্ষিণ আলেকান্দা, বরিশাল-৮২০০।<br>ফোন ঃ ০৪৩১-৬১১৬৮, | **জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র রংপুর**<br>বাড়ী #৩৯০, ওয়ার্ড নং-০৯, জি এল রায় রোড, কামাল কাছনা, রংপুর-৫৪০০।<br>ফোন ঃ ০৫২১-৫৬০১৫ |
| ঢাকা বিভাগের জন্য ঃ মোঃ আব্দুছ সালাম, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, প্রিলিমিনারী টু মাস্টার্স শাখা, পরীক্ষা ভবন-১, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর। ০১৩১৩-০৫২৩৬৪, ০২-৯৯৬৬৯১৫৪৬ | | |

**৮। ফি জমাদানের নিয়মাবলি :**

ক) ২০১৬-২০১৭ সালের শিক্ষাবর্ষের অনিয়মিত পরীক্ষার্থীদের ফি ডিজাইনকৃত নির্ধারিত জমা ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd থেকে ডাউনলোড করে "সোনালী সেবা"-এর মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিতে হবে।

খ) সংশ্লিষ্ট কলেজকে www.nu.ac.bd অথবা dhttp:103.113.200.36/PMS ওয়েবসাইট থেকে সোনালী সেবার pay-slip সংগ্রহ করে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

গ) Pay-Slip সংগ্রহের জন্য উল্লিখিত তারিখ পর্যন্ত Link Active থাকবে। নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে Pay-Slip ডাউনলোড করা এবং কোন টাকা জমা দেয়া যাবে না। ব্যাংকে প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে পরবর্তীতে উদ্ভূত জটিলতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

**ঘ) ফি জমাদানের ক্ষেত্রে জটিলতা নিরসনের জন্য ই-মেইল নং kabir.erp@gmail.com অথবা ফোন ঃ ০২-৯৯৬৬৯১৫৪৬ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।**

ঙ) সমস্যার প্রকৃতি বা ধরণ নিরসনের জন্য preliminary2masters@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যেতে পারে।

**বিশেষ দ্রষ্টব্য :**

ক) একজন পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বরের (অনার্স পাস/ ডিগ্রী পাস) ফলাফল ব্যবহার করে অন্য পরীক্ষার্থীকে অবৈধভাবে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হলে তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট কলেজ বহন করবে।

খ) পরীক্ষার্থীদের পরীক্ষা হলে বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত মূল রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশ পত্র প্রদর্শন করতে হবে।

গ) পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লেখিত নির্দিষ্ট বিষয় ছাড়া (বিশেষ পরীক্ষার্থী ব্যতিত) অন্য কোন বিষয়ে আবেদন ফরম পূরণ করলে তার আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

ঘ) পরীক্ষার সময়সূচি যথাসময়ে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে www.nu.ac.bd প্রকাশ করা হবে।

ঙ) পরীক্ষার্থীরা নিজ কলেজে পরীক্ষা দিতে পারবে না। অধ্যক্ষগণকে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর।

**স্মারক নং ঃ জাতীঃবিঃ/পনি/মাপি/২০১৯/২০২২/১০৬(২)** **তারিখঃ ১৫ /০৩/২০২২**

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :**

১. সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
২. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৩. পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪. অধ্যক্ষ , **সকল**
৫. জেলা প্রশাসক **সকল**
৬. একান্ত সচিব, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৭. সহকারী রেজিস্ট্রার, প্রো- ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৮. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৯. ম্যানেজার, সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখা, গাজীপুর।
১০. অফিস নথি।

১৫.৩.২০২২

( মোঃ আব্দুছ সালাম )
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
প্রিলিমিনারী টু মাস্টার্স শাখা
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোন ঃ ৯৯৬৬৯১৫৪৬